



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখ : ১১/০৭/২০১৮খ্রি:

## মাননীয় প্রধানমন্ত্রীকে ববি উপাচার্যের অভিনন্দন

দেশের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের জন্য কৃষিকে নিরাপদ ও লাভজনক করে তুলতে কৃষিতে “ন্যানো প্রযুক্তি” ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী বাংলাদেশ মৃত্তিকা বিজ্ঞান সমিতির সভাপতি বিসিএসআইআর এর সাবেক চেয়ারম্যান প্রফেসর ড. এস এম ইমামুল হক। অভিনন্দন বার্তায় উপাচার্য মহোদয় বলেন, কৃষিতে “ন্যানো প্রযুক্তি” ব্যবহার মাননীয় প্রধানমন্ত্রীর এক যুগান্তকারী সিদ্ধান্ত। পদার্থকে অসীম ক্ষুদ্র পর্যায়ে পরিবর্তন ও নিয়ন্ত্রণ করার কৌশলই হচ্ছে ন্যানো প্রযুক্তি। এ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ফসলের রোগ নির্ণয় থেকে শুরু করে জাতভিত্তিক পুষ্টি চাহিদা নির্ণয়, পুষ্টি আহরণ ক্ষমতা বৃদ্ধি, ভূমির গুণাগুণ পর্যবেক্ষণ করে ফসলের উৎপাদন বৃদ্ধি করা যাবে। আর এর মাধ্যমে গোটা দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণসহ সামগ্রিক আর্থসামাজিক অবস্থার অভূতপূর্ব উন্নয়ন সম্ভব হবে। উল্লেখ্য, কৃষিতে “ন্যানো প্রযুক্তি” ব্যবহারের যে সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছে সেই “ন্যানো প্রযুক্তি” নিয়ে ইতোপূর্বেই প্রফেসর ড. এস এম ইমামুল হক নানা ধরনের গবেষণা করেছেন এবং এই বিষয়ে বিভিন্ন সেমিনার ও সিম্পোজিয়ামে তাঁর গবেষণালব্ধ প্রবন্ধ উপস্থাপন করেছেন। অভিনন্দন বার্তায় উপাচার্য মহোদয় প্রধানমন্ত্রীর সু-স্বাস্থ্য ও সর্বাঙ্গীন মঙ্গল কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস